চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বিজ্ঞান অনুষদের অধীনে কলেজ/ইনস্টিটিউটে
১ম বর্ষ বি.এসসি (অনার্স) ইন ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি
শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ (১ম সেমিস্টার-জানুয়ারি, ২০১৯)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বিজ্ঞান অনুষদের অধীনে **চিটাগাং ইনস্টিটিউট অব ফ্যাশন এন্ড টেকনোলজি**, রোড নং-২, হাউজ নং-২৭,ও আর নিজাম রোড, চট্টগ্রাম-এ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ৪(চার) বছর মেয়াদী সেমিস্টার পদ্ধতিতে ১ম বর্ষ **বি.এসসি (অনার্স) ইন ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি** কোর্সে (১ম সেমিস্টার- জানুয়ারি, ২০১৯) ভর্তির জন্য যোগ্যতাসম্পন্ন ভর্তিচ্ছুদের কাছ থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

১. আবেদন ফরম চ.বি. বিজ্ঞান অনুষদ কার্যালয় বা অধ্যক্ষের কার্যালয় থেকে সংগ্রহ করতে হবে অথবা চ.বি. ওয়েবসাইট (www.cu.ac.bd) থেকে ডাউনলোড করা যাবে। অগ্রণী ব্যাংক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার অনুকূলে ও ডিন, বিজ্ঞান অনুষদ, চ.বি. বরাবর অগ্রণী ব্যাংক এর যে কোন শাখা থেকে ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র বিজ্ঞান অনুষদের ডিন অফিস বা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ০৬ ডিসেম্বর ২০১৮ তারিখ থেকে ০৭ জানুয়ারি ২০১৯ তারিখের মধ্যে অফিস সময়ে জমা দিয়ে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

২. (ক) **ভর্তির যোগ্যতা :** যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের অধীনে ২০১৪ থেকে ২০১৬ সালের মধ্যে মাধ্যমিক বা সমমান পরীক্ষা ও ২০১৭ বা ২০১৮ সালের উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় অথবা ২০১২ থেকে ২০১৪ সালের মধ্যে মাধ্যমিক বা সমমান পরীক্ষা ও ২০১৭ বা ২০১৮ সালের ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং যাদের নিম্নে বর্ণিত যোগ্যতা আছে; তারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে। (বিজ্ঞান গ্রুপ থেকে উত্তীর্ণদের অগ্রাধিকার দেয়া হবে)
এ অনুষদের অধীনে অধিভুক্ত চিটাগাং ইনস্টিটিউট অব ফ্যাশন এন্ড টেকনোলজি-তে ১ম বর্ষ বি.এসসি (অনার্স) ইন ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি কোর্সে ভর্তিচ্ছুদের মাধ্যমিক বা সমমান এবং উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.০০ থাকতে হবে; তবে মাধ্যমিক বা সমমান ও উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ বিজ্ঞান গ্রুপ ২.৭৫ ও অন্যান্য গ্রুপ ২.৫০ পেতে হবে। কারিগরি শিক্ষাবোর্ড হতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং কোর্সে উত্তীর্ণদের মাধ্যমিক বা সমমান এবং ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.০০ থাকতে হবে; তবে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০০ এবং ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫০ (জিপিএ ৪.০০ এর মধ্যে) পেতে হবে।

(খ) **ভর্তি পরীক্ষার মানবন্টন :** ভর্তি পরীক্ষায় লিখিত পরীক্ষার মান ৫০ নম্বর এবং পাশ নম্বর ২০। ভর্তি পরীক্ষায় বিজ্ঞান গ্রুপের ছাত্র/ছাত্রীদের জন্য বাংলা, ইংরেজি, পদার্থবিদ্যা, রসায়ন এবং গণিত প্রতি বিষয়ে ১০ নম্বরের উত্তর দিতে হবে। অন্যান্য গ্রুপের ছাত্র/ছাত্রীদের জন্য বাংলা ও ইংরেজি প্রতি বিষয়ে ১০ এবং সাধারণ জ্ঞান বিষয়ে ৩০ নম্বরের উত্তর দিতে হবে। উচ্চ মাধ্যমিক বিজ্ঞান গ্রুপে যাদের গণিত বিষয় নাই তাদের সাধারণ জ্ঞান বিষয়ে উত্তর দিতে হবে। লিখিত পরীক্ষায় ২০ বা তদুর্ধ নম্বর প্রাপ্তদের প্রাপ্ত নম্বরের সাথে মাধ্যমিকের মোট জিপিএ'র ৪০% ও উচ্চ মাধ্যমিকের মোট জিপিএ'র ৬০% যোগ করে সর্বমোট ৬০ নম্বরে ফলাফল চূড়ান্ত করে উত্তীর্ণ তালিকা তৈরী করা হবে। উক্ত তালিকা থেকে মোট আসন সংখ্যা অনুযায়ী চূড়ান্ত নির্বাচিত মেধা তালিকা ও অপেক্ষমান তালিকা মেধাক্রমানুসারে প্রস্তুত করে ফলাফল প্রকাশ করা হবে।

৩. আবেদন ফরমের সাথে দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি সংযুক্তপূর্বক মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার ট্রান্সক্রিপ্টের সত্যায়িত কপি জমা দিতে হবে।

৪. এমসিকিউ পদ্ধতিতে পরীক্ষা নেয়া হবে এবং পরীক্ষার সময়কাল ৩০ মিনিট।

৫. **ভর্তি পরীক্ষার সময়সূচি ঃ**

ভর্তি পরীক্ষার তারিখ	১০ জানুয়ারি ২০১৯
ভর্তি পরীক্ষার স্থান	চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ভর্তি পরীক্ষার সময়	সকাল ১০:৩০ টা থেকে ১১:০০ টা পর্যন্ত

হেল্প লাইন: ০১৮১৮-৩৫৮৯৬৯, ০১৭৯১-৩৫৪৩৩৩, (সকাল ৯:০০ টা হতে বিকাল ৫:০০ টা পর্যন্ত)
বিস্তারিত তথ্যাদি চ.বি. ওয়েবসাইটে (www.cu.ac.bd) পাওয়া যাবে।

৫-১২-১৮

(এস.এম. আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ও
সদস্য-সচিব
অধিভুক্ত (মেডিকেল ও ডেন্টাল কলেজ ব্যতিত)
কলেজ/ইনস্টিটিউটসমূহে ভর্তি কমিটি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বিজ্ঞান অনুষদের অধীনে কলেজ/ইনস্টিটিউটে
১ম বর্ষ বি.এসসি (অনার্স) ইন ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি কোর্সে
(১ম সেমিস্টার-জানুয়ারি, ২০১৯) ভর্তি পরীক্ষার আবেদন ফরম
শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯

আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১কপি রঙিন ছবি আঠা দিয়ে লাগিয়ে উপরে সত্যায়িত করতে হবে।

ক্রমিক নং:

১. আবেদনকারীর নাম ঃ (বাংলায়) ---

(মাধ্যমিক/সমমান পরীক্ষার সার্টিফিকেট অনুসারে) ঃ (ইংরেজিতে) --
(বড় হাতের অক্ষরে)

২. পিতার নাম ঃ ---

৩. মাতার নাম ঃ ---

৪. জন্ম তারিখ ঃ ---

৫. বর্তমান ঠিকানা ঃ ---

----

৬. স্থায়ী ঠিকানা ঃ ---

----

৭. শিক্ষাগত যোগ্যতা ঃ

উত্তীর্ণ পরীক্ষার বিবরণ (গ্রুপ উল্লেখ করতে হবে)	বিদ্যালয়/কলেজ/ইনস্টিটিউটের নাম	অধীত বছর .... সন হতে .... সন পর্যন্ত	পাশের বছর	প্রাপ্ত জিপিএ/সিজিপিএ

৮. মোবাইল নম্বর ঃ ---------------------------------------

৯. পিতা ও মাতার মোবাইল নম্বর ঃ ---------------------------------------

তারিখ -------------------

আবেদনকারীর স্বাক্ষর

✂..

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বিজ্ঞান অনুষদের অধীনে কলেজ/ইনস্টিটিউটে
১ম বর্ষ বি.এসসি (অনার্স) ইন ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি কোর্সে
(১ম সেমিস্টার-জানুয়ারি, ২০১৯) ভর্তি পরীক্ষার আবেদন ফরম
শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯

আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১কপি রঙিন ছবি আঠা দিয়ে লাগিয়ে উপরে সত্যায়িত করতে হবে।

ক্রমিক নং:

প্রবেশ পত্র

লিখিত পরীক্ষা : সকাল ১০:৩০ টা থেকে, স্থান: চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

নাম ঃ---

পিতার নাম ঃ ---

মাতার নাম ঃ ---

ভর্তি পরীক্ষার রোল নং ঃ ---------------- ভর্তি পরীক্ষার তারিখ : ১০ জানুয়ারি ২০১৯

স্বাক্ষর
ডিন, বিজ্ঞান অনুষদ
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়